# কেআইবি কৃষি পদক নীতিমালা

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ

# কেআইবি কৃষি পদক নীতিমালা

## প্রথম অধ্যায়

**ক. উদ্দেশ্য**

ক.১: কৃষি (ফসল, মৎস্য ও প্রাণিসম্পদ) উন্নয়নের ধারা সমৃদ্ধ ও বেগবান করার ক্ষেত্রে কৃষি শিক্ষা, গবেষণা, সম্প্রসারণ, উপকরণ সরবরাহ ও সেবা প্রদানে দৃষ্টান্তবহুল অবদান রেখে বাংলাদেশের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করেছেন- এমন সব কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেয়া ও সম্মানিত করা।

ক.২: কৃষি খাতের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখার ক্ষেত্রে অবদান রাখতে কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনন্য ভূমিকা পালনের জন্য আকৃষ্ঠ করা এবং প্রণোদনা ও উৎসাহ প্রদান করা।

**খ. বিবরণ**

১. পদকের নাম 'কেআইবি পদক'।

২. কৃষি উন্নয়নের ধারা সমৃদ্ধ ও বেগবান করার ক্ষেত্রে নতুন নতুন জ্ঞান অর্জন ও প্রয়োগ এবং প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ এবং উপকরণ সরবরাহ ও সেবা প্রদানে দৃষ্টান্তবহুল অবদান রেখে বাংলাদেশের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করেছেন- এমন সব কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেয়া ও সম্মানিত করা এবং সেই সাথে কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে কৃষি উন্নয়নে অনন্য ভূমিকা পালনে আকৃষ্ট ও উৎসাহিত করার জন্য এই পদক প্রদান করা হবে।

৩. কৃষি বলতে ফসল উৎপাদন, শাক-সব্জী ও ফলমূল চাষ, দুগ্ধ খামার স্থাপন, গবাদী প্রাণি ও হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, পরিবেশ বান্ধব কৃষি এবং কৃষি পণ্যের মূল্য সংযোজন ও বাজারজাতকরণ বিষয়ক কর্মকান্ডকে বুঝাবে।

৪. পদক প্রদানের জন্য নিম্নলিখিত ক্ষেত্রগুলিকে বিবেচনায় নেয়া হবে:

ক. কৃষি শিক্ষা

খ. কৃষি গবেষণা

গ. কৃষি সম্প্রসারণ

ঘ. কৃষি উন্নয়নে নারী

ঙ. খামার স্থাপন (ফসল, মৎস চাষ ও প্রাণি সম্পদ বিষয়ক)

চ. পরিবেশ বান্ধব কৃষি

ছ.	কৃষি উপকরণ সরবরাহ ও সেবা
জ.	প্রকাশনা ও প্রচারের মাধ্যমে কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি
ঝ.	কৃষি প্রকৌশল বিষয়ক উদ্ভাবন
ঞ.	কৃষি বানিজ্য
ট.	কৃষি ভিত্তিক সংগঠন

৫.	কেআইবি পদক প্রদানের শাখাসমূহ হবে নিম্নরূপঃ
ক. সেরা প্রতিষ্ঠান (শিক্ষা, গবেষণা ও সম্প্রসারণ)
খ. সেরা কৃষি ব্যক্তিত্ব (শিক্ষাবিদ, গবেষক, সম্প্রসারণবিদ ও সংগঠক হিসাবে জীবনব্যাপি অবদান)
গ. বর্ষসেরা কৃষিবিদ (সম্প্রসারণবিদ ও সংগঠক হিসাবে জীবনব্যাপি অবদান)
ঘ. উদ্ভাবক কৃষক/সফল কৃষক
ঙ. কৃষি উদ্যোক্তা (ব্যক্তি/প্রতিষ্ঠান)
চ. কৃষি উন্নয়নে নারী
ছ. কৃষি প্রকাশনা ও সম্প্রচার (ব্যক্তি/প্রতিষ্ঠান)

৬.	প্রতিটি শাখায় প্রতি বছর একটি করে পদক দেয়া হবে। কোন শাখায় যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান পাওয়া না গেলে ঐ বছর সে শাখায় কাউকে পদক দেওয়া হবে না।
৭.	পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে অর্থ, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক প্রদান করা হবে।
৮.	প্রতিটি পদকের মূল্যমান হবে;
৮.১) শাখা-ক ও শাখা-খ এর ক্ষেত্রে প্রতিটি ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা।
৮.২) অন্য ৫টি শাখার ক্ষেত্রে প্রতিটি ৫০০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা।
৯.	সম্মাননাপত্রে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর পক্ষে সভাপতি ও মহাসচিব-এর স্বাক্ষর থাকবে।
১০.	কেবলমাত্র সেরা কৃষি ব্যক্তিত্ব (শিক্ষাবিদ, গবেষক, সম্প্রসারণবিদ ও প্রতিষ্ঠান সংগঠক হিসাবে জীবনব্যাপি অবদান) শাখায় জীবিত ও মরণোত্তর পদক প্রদান করা যাবে।
১১.	শাখা-খ ব্যাতিত প্রতিটি শাখায় প্রতি খ্রিষ্টাব্দ বছরে পূর্ববর্তী বছরের অবদান বিবেচনায় এ পদক দেওয়া হবে এবং শাখা-খ এর ক্ষেত্রে জীবনব্যাপী অবদান বিবেচনায় নেয়া হবে।

## দ্বিতীয় অধ্যায়

### যোগ্যতা

১.	শুধুমাত্র বাংলাদেশের নাগরিক এই পদকের যোগ্য বিবেচিত হবেন।
২.	বাংলাদেশের মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা ও সার্বভৌমত্ব বিরোধী কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এই পদক পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না।
৩.	পদকের জন্য কোন ব্যক্তিগত আবেদনপত্র গ্রাহ্য হবে না।
৪.	এই পদক কৃষি সংশ্লিষ্ট কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে একই ধরনের অবদানের জন্য একবারই প্রদান করা যাবে।
৫.	কেআইবি কৃষি পদক কমিটির সদস্যগণের কেউই দায়িত্ব পালনরত অবস্থায় এই পদকের জন্য বিবেচিত হবেন না।

## তৃতীয় অধ্যায়

### কমিটি

১.	কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্তক্রমে প্রতি দুই বছরের জন্য ইনস্টিটিউশনের নিয়মিত সদস্যগণের(জীবন সদস্য ও নবায়নকৃত সদস্যপদ) মধ্য থেকে পাঁচজন এবং দেশের প্রথিতযশা দুইজন ব্যক্তির সমন্বয়ে ৭ সদস্য বিশিষ্ট কেআইবি কৃষি পদক জুরি বোর্ড গঠিত হবে। এই ৭ জনের মধ্যে ১ জন সভাপতি ও ১ জন সদস্যসচিব থাকবেন, বাকি ৫ জন কমিটির সদস্য হিসাবে গণ্য হবে।
২.	কেআইবি'র যেকোন জীবন সদস্য বা সাধারণ সদস্য এই নীতিমালার আওতায় প্রণীত মনোনয়ন ফরম পূরণ করে যেকোন একটি শাখায় পদকের জন্য কোন যোগ্য প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে মনোনয়ন প্রস্তাব করতে পারবেন।
৩.	প্রস্তাবকগণ তাদের প্রস্তাব সংক্রান্ত যাবতীয় তথ্য সম্পূর্ণ গোপন রাখবেন।

৪. প্রতিটি শাখার জন্য কেআইবি পদক প্রদানের মানদন্ডসমূহ সুনির্দিষ্ট করা থাকবে। কেআইবি পদক কমিটি এই মানদন্ড প্রস্তুত করবেন এবং মানদন্ডের ভিত্তিতে নম্বর বন্টনের মাধ্যমে পর্যায়ক্রমিক মূল্যায়ন সম্পাদিত হবে এবং এর ভিত্তি শীর্ষস্থান অধিকারী পদকের জন্য মনোনীত হবেন।

৫. পদক প্রদানের মানদন্ডসমূহ কেআইবি কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

## চতুর্থ অধ্যায়

### মনোনয়ন দাখিল

১. কেআইবি কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে প্রতি বৎসর পদকের জন্য মনোনয়ন আহবান করে সভাপতি ও মহাসচিব, কেআইবি এর যৌথ স্বাক্ষরে প্রযোজ্য বছরের ১০ নভেম্বরের মধ্যে বহুলপ্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় এবং কেআইবি'র ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে।

২. কেআইবি পদক কমিটি সকল মনোনয়নের জন্য একটি ফরম প্রস্তুত করবে এবং কেআইবি কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে মনোনয়ন ফরম চূড়ান্ত হবে।

৩. কেআইবি কর্তৃক প্রণীত ও সরবরাহকৃত মনোনয়ন ফরম পূরণ করে সিলমোহরযুক্ত খামে বিজ্ঞাপিত তারিখের মধ্যে মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫ ঠিকানায় প্রেরণ করতে হবে। মনোনয়ন প্রস্তাব জমা দেয়ার শেষ তারিখ হবে প্রযোজ্য বছরের ২৫ নভেম্বর যা বিজ্ঞাপনে উল্লেখ থাকতে হবে। বিশেষ কারণে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে এই সময়সূচী পরিবর্তন করা যাবে।

৪. নির্দিষ্ট সময়ের পরে প্রাপ্ত মনোনয়ন বিবেচনা করা হবে না।

৫. মনোনয়ন প্রদানকারীগণ পদক প্রদানের ৭টি ক্ষেত্রের প্রতিটির জন্য ১টি মনোনয়ন প্রদান করতে পারবেন।

৬. মনোনয়ন প্রস্তাবকবৃন্দকে কোন সম্মানী প্রদান করা হবে না।

## পঞ্চম অধ্যায়

### মনোনয়ন বাছাই

১. প্রাপ্ত সকল মনোনয়ন প্রস্তাব প্রযোজ্য বছরের ৩০ নভেম্বরের মধ্যে কেআইবি কৃষি পদক কমিটির কাছে হস্তান্তর করতে হবে।

২. কেআইবি কৃষি পদক কমিটি প্রতিটি বিষয়ের জন্য প্রাপ্ত মনোনয়ন যাচাই-বাছাই করবে এবং কমিটির সভা আহবানের মাধ্যমে ঐক্যমতের ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করবে। সভার/সভাসমূহের কার্যবিবরণীসহ চূড়ান্তকৃত মনোনয়ন তালিকা সিলমোহরযুক্ত খামে (অতীব গোপনীয় উল্লেখ করে) ঐ বছর ১৫ই ডিসেম্বরের মধ্যে কেআইবি কার্যনির্বাহী পরিষদের মহাসচিবের কাছে প্রদান করবে।

৩. কেআইবি কার্যনির্বাহী পরিষদের মহাসচিব একই বছরের ২৫ ডিসেম্বরের মধ্যে কেআইবি কার্যনির্বাহী কমিটির সভা আহবান করে কেআইবি কৃষি পদক কমিটি কর্তৃক চূড়ান্তকৃত মনোনয়নসমূহ অনুমোদন প্রদানের ব্যবস্থা করবেন।

৪. তবে বিশেষ প্রয়োজনে এ অধ্যায়ের ১, ২ ও ৩ ধারায় বর্ণিত সময়সূচী কেআইবি কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা যাবে।

৫. কেআইবি পদক জুরি বোর্ড কর্তৃক চূড়ান্তকৃত মনোনয়ন প্রস্তাব কেআইবি কার্যনির্বাহী পরিষদ ঐকমত্য/সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সম্পূর্ণ গ্রহণ, আংশিক গ্রহণ কিংবা সম্পূর্ণ বাতিল করতে পারবেন। তবে কার্যনির্বাহী কমিটি পদক জুরি বোর্ডের মনোনয়ন ছাড়া কাউকে কেআইবি পদকের জন্য বিবেচনা করতে পারবে না।

## ষষ্ঠ অধ্যায়

### স্থান ও কাল

১. প্রতি বছর ১৩ ফেব্রুয়ারি জাতীয় কৃষিবিদ দিবসে আনুষ্ঠানিকভাবে সমাবেশ আয়োজনের মাধ্যমে পদকের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পদকের অর্থ, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক প্রদান করা হবে।

২. পদকের অর্থ, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক অনুষ্ঠানের প্রধান অতিথি প্রদান করবেন।

৩. কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর সভাপতি কেআইবি পদকের পটভূমি, উদ্দেশ্য ও তাৎপর্য তুলে ধরে পদক প্রদান অনুষ্ঠানে বক্তব্য রাখবেন।

৪. কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর মহাসচিব পদকের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠান-এর নাম ঘোষণা করবেন ও সাইটেশন পাঠ করবেন।

## সপ্তম অধ্যায়

**পুরস্কার প্রদান**

১. পদকের অর্থ, সম্মাননাপত্র ও সম্মাননা-প্রতীক পদকের জন্য মনোনীত ব্যক্তিকে/প্রতিষ্ঠান প্রধানকে অথবা তাদের দ্বারা মনোনীত ব্যক্তিকে প্রদান করা হবে।

২. ব্যক্তি পদক প্রদান প্রক্রিয়া চলাকালে প্রয়াত হলে তাঁর আইনানুগ উত্তরাধিকারীবৃন্দ পদকের অর্থ গ্রহণ করতে পারবেন।

৩. আইনানুগ উত্তরাধিকারীর সংখ্যা একাধিক হলে পদকের অর্থ প্রচলিত আইন অনুযায়ী তাদের মধ্যে ভাগ করে দেয়া যাবে।

## অষ্টম অধ্যায়

১. এই নীতিমালা দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার কেআইবি কার্যনির্বাহী পরিষদের থাকবে।

২. নিম্নলিখিত ব্যক্তিগণ এই নীতিমালায় প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব উত্থাপন করতে পারবেন;

ক. মহাসচিব, কেআইবি

খ. কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, কেআইবি।

৩. এই নীতিমালা সম্পর্কে উত্থাপিত যে-কোন সংশোধনী প্রস্তাব লিখিত আকারে প্রস্তাবকের স্বাক্ষরযুক্ত হয়ে কার্যনির্বাহী পরিষদে উপস্থাপিত হতে হবে।

৪. এই নীতিমালায় অনুল্লিখিত কোন বিষয়ে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## নবম অধ্যায়

**তহবিল**

১. কেআইবি কৃষি পদক প্রদানের জন্য অনুষ্ঠান আয়োজন এবং সংগঠিত করণের জন্য পৃথক তহবিল গঠন করা হবে।

২. কেআইবি ও কেআইবি কর্তৃক গ্রহণযোগ্য সহযোগী প্রতিষ্ঠানসমূহ তহবিল গঠনে আর্থিক অনুদান ও সহায়তা প্রদান করতে পারবে।

৩. তহবিল এর অর্থ পদক প্রদান, অনুষ্ঠান আয়োজন ও আনুসঙ্গিক কর্মকান্ডে ব্যবহার করা যাবে।

৪. ভবিষ্যতে তহবিল বৃদ্ধির জন্য এই তহবিল হতে অর্থ বিনিয়োগ করা যেতে পারে।

৫. তহবিল পরিচালনা কার্যক্রম কেআইবির আর্থিক নিয়মানুযায়ী পরিচালিত হবে।

## দশম অধ্যায় ঃ বিশেষ বিধান

১. কেআইবি পদক প্রদান করা বা না করা এবং পদক প্রদান কার্যক্রম সাময়িক স্থগিত করা বা স্থায়ীভাবে বন্ধ করার এখতিয়ার কেআইবি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকবে।

২. বিজ্ঞপ্তি প্রচার, মননোনয়ন দাখিল, কেআইবি পদক জুরি বোর্ড কর্তৃক চূড়ান্তকৃত মনোনয়ন কেআইবি কার্যনির্বাহী কমিটির নিকট দাখিল এবং কেআইবি পদকের জন্য চূড়ান্তকৃত মনোনয়ন অনুমোদনের তারিখ ও সময়সীমা পরিবর্তন কিংবা পূনঃনির্ধারনের একতিয়ার কেআইবি কার্যনির্বাহী কমিটি কর্তৃক সংরক্ষিত থাকেবে।

৩. কেআইবি পদক প্রদান বিষয়ে কোন আইনগত প্রশ্ন বা বিষয় উত্থাপিত হলে তা বাংলাদেশের প্রচলিত আইনে নিষ্পত্তিযোগ্য বলে বিবেচিত হবে।

স্বাঃ-<br>
কৃষিবিদ মোহাম্মদ মোবারক আলী<br>
মহাসচিব<br>
কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ

স্বাঃ-<br>
কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি<br>
সভাপতি<br>
কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ